



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

## পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা

ফোন : ০২৫৮৮৮০৫০৮৮

web: [www.gwcollegepab.edu.bd](http://www.gwcollegepab.edu.bd) Email: mohilacollegepab@yahoo.com



স্মারক নং- সমক/পাব/২৪/ ৬০২

তারিখ: ২৯/১০/২০২৪ খ্রি.

### প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠান/আঞ্চলীয় ব্যক্তিকে জানানো যাচ্ছে যে, “বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনার ৬ তলা একাডেমিক ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ০১ (এক) টি ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ, ঝুঁকিপূর্ণ ও পুরাতন ছাত্রীনিবাস ০২ (দুই) তলা ভবন থাকায় উহা নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় ভবনটি নিলামে বিক্রয়ের নিমিত্তে ০৭/১১/২০২৪ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় অত্র কলেজ ছাত্রীনিবাসের সামনে প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আঞ্চলীয় ব্যক্তিগণকে প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলী

- ১। প্রকাশ্য নিলামে অংশগ্রহণেচুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ ০৭/১১/২০২৪ খ্রি. সকাল ১১:০০ টার মধ্যে অত্র দণ্ডের নিলাম কমিটির নিকট নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে তালিকাভুক্ত হতে হবে। সকাল ১১:০০ টার পরে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হবে না।
- ২। সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেয়া হবে।
- ৩। কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা এবং উক্ত টাকার উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর ঐ দিনই পরিশোধ করতে হবে। টাকা পরিশোধের পর কার্যাদেশ প্রদান করা হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াও বলে গণ্য হবে। ধার্যকৃত সর্বোচ্চ নিলাম মূল্য অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৪। মোট ০১ (এক) টি পরিত্যক্ত ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ, পুরাতন ছাত্রীনিবাস ০২ (দুই) তলা ভবন সরেজমিনে দেখে নিতে হবে।
- ৫। নিলামকৃত পরিত্যক্ত ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ, পুরাতন ছাত্রীনিবাস ০২ (দুই) তলা ভবনটি নিজ ব্যয়ে অপসারণসহ সাইট পরিষ্কার করার পর জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।
- ৬। পরিত্যক্ত ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ, পুরাতন ছাত্রীনিবাস ০২ (দুই) তলা ভবন অপসারণ কালে সীমানা প্রাচীরসহ অন্যান্য স্থাপনার কোন ক্ষতি করা যাবে না। কোনো স্থাপনা ক্ষতিহীন হলে নিলামকারীকে নিজ ব্যয়ে তা মেরামত করে দিতে হবে।
- ৭। সফল ডাককারী ডাক্তাহনের দিন থেকে ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ, পুরাতন ছাত্রীনিবাস ০২ (দুই) তলা ভবনের রক্ষণাবেক্ষণ ও হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। কার্যাদেশ গ্রহণের পর থেকেই ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ, পুরাতন ছাত্রীনিবাস ০২ (দুই) তলা ভবনের কিছু নষ্ট বা খোঁয়া গেলে সেজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৮। অপসারণ কাজ সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে করতে হবে।
- ৯। কৃতকার্য নিলাম ডাককারী কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ, পুরাতন ছাত্রীনিবাস ০২ (দুই) তলা ভবন অপসারণ করবেন। নির্ধারিত সময়ে অপসারণে ব্যর্থ হলে জমাকৃত টাকা ও জামানত বাজেয়াও সহ চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে।
- ১০। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন নিলাম ডাকে কোন প্রকার বিষয় সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াও করা হবে।
- ১১। কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে নিলাম (ডাক) বিষয়ে যেকোনো সিদ্ধান্ত গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ঝুঁঁঁঁ

প্রফেসর মোঃ আহসান হাবিব (৭৬৮১)

অধ্যক্ষ

পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা

স্মারক নং- সমক/পাব/২৪/ ৬০২৬০

তারিখ: ২৯/১০/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনায় ব্যবস্থা গ্রহণে জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, পাবনা ও সভাপতি, জেলা কনডেমনেশন কমিটি, পাবনা।
- ০৩। পুলিশ সুপার, পাবনা।
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
- ০৫। নির্বাচী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
- ০৬। উপজেলা নির্বাচী অফিসার, পাবনা সদর, পাবনা।
- ০৭। জেলা একাউটেস এন্ড ফিন্যান্স অফিসার, পাবনা।
- ০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাবনা সদর, পাবনা।
- ০৯। কলেজ নোটিশ বোর্ড/কলেজ ওয়েবসাইট।
- ১০। সংরক্ষণ নথি।

প্রফেসর মোঃ আহসান হাবিব (৭৬৮১)

অধ্যক্ষ

পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা